


National Hotel & Tourism Training Institute

Bangladesh Parjatan Corporation
(Bangladesh Tourism Corporation)

“Centre of Excellence” - Hospitality & Tourism Training

Skills For Employability



ভর্তি বিজ্ঞপ্তি
BAKING (NTVQF Level 1 & 2)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এ বর্ণিত কাঠামো অনুযায়ী শিল্প খাতের চাহিদা মোতাবেক কম্পিউটিং স্ট্যান্ডার্ড প্রস্তুত করা হয়েছে। দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের উপযোগী করে তোলার লক্ষ্যে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে প্রণীত স্ট্যান্ডার্ড অনুযায়ী জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF) এর আওতায় নিম্নে উল্লেখিত অকুপেশনে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	প্রশিক্ষণ কোর্সের নাম ও বিবরণ	ভর্তি পরীক্ষার তারিখ ও সময়
১	National Certificate in Baking (NTVQF/Level 1 & 2) হোটেল, মোটেল ও আধুনিক মানসম্পন্ন ফাস্ট ফুড শপ ও বেকারী পরিচালনার ক্ষেত্রে কেক, পেস্টি, ব্রেড, কুকিজ থেকে শুরু করে বিভিন্ন প্রকার ডেজার্ট আইটেম প্রস্তুত প্রণালী, ডেকোরেশন ও হাইজিন এ্যান্ড স্যানিটেশন ইত্যাদি বিষয় কোর্সের অন্তর্ভুক্ত।	০৫-০৫-২০১৫ সকাল ১০:০০টা

কোর্স ফিঃ ৯০,০০০/- টাকা। (দুই কিস্তিতে পরিশোধযোগ্য, ১ম কিস্তি ৫০,০০০/- টাকা ও ২য় কিস্তি ০৩ মাস পর ৪০,০০০/- টাকা)।

কোর্সের মেয়াদঃ ৯ মাস (২ মাস ইন্ডাস্ট্রিয়াল এ্যাট্যাচমেন্টসহ)। সপ্তাহে ৫ দিন ক্লাস (রবিবার থেকে বৃহস্পতিবার, প্রতি দিন ৫ ঘন্টা)।

বৈশিষ্ট্যঃ

* আধুনিক প্র্যাকটিক্যাল ল্যাব * UNDP/ILO বিশেষজ্ঞ কর্তৃক প্রণীত আন্তর্জাতিকমানের কোর্স কারিকুলাম * বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ প্রশিক্ষকবৃন্দ দ্বারা কোর্স পরিচালিত * প্রত্যেক প্রশিক্ষণার্থীর আলাদাভাবে অনুশীলন করার সুযোগ।

জ্ঞাতব্য বিষয়ঃ

- ১। অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত) মহাখালীস্থ ইনস্টিটিউটের অফিস হতে ২০০.০০ (দুইশত) টাকা মূল্যে প্রসপেক্টাসসহ ভর্তির ফর্ম ক্রয় করা যাবে। পূরণকৃত ভর্তি ফর্মের সাথে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র/প্রশংসাপত্র এবং ২ (দুই) কপি পাসপোর্ট/স্ট্যাম্প সাইজ ছবি জমা দিতে হবে।
- ২। প্রশিক্ষণার্থীর বয়স ন্যূনতম ১৬ বছর হতে হবে।
- ৩। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এস এস সি বা সমমান পাশ (বিশেষ ক্ষেত্রে শিখিলযোগ্য)।
- ৪। উপযুক্ত প্রশিক্ষণে মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারবে, মেধা এবং কোটার ভিত্তিতে প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। সাধারণ আসনে ভর্তির সুযোগ ছাড়াও মহিলাদের জন্য ২৫% কোটা সংরক্ষিত থাকবে। প্রয়োজনীয় সংখ্যক মহিলা আবেদনকারী না পাওয়া গেলে পুরুষ আবেদনকারীদের মধ্য হতে মেধার ভিত্তিতে আসন পূরণ করা হবে।
- ৫। সকল ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত মুক্তিযোদ্ধা, উপজাতি, আদিবাসি ও প্রতিবন্ধি কোটা অনুসরণ করা হবে।
- ৬। প্রশিক্ষণ শেষে এ্যাসেসমেন্টের মাধ্যমে যোগ্য (Competent) প্রশিক্ষণার্থীদের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক NTVQF অনুযায়ী সার্টিফিকেট প্রদান করা হবে।
- ৭। যোগাযোগঃ 83-88, Mohakhali, Dhaka-1212. Phone- 9899289, 9899291.
www.nhtti.org/notice.php
- ৮। আবেদন পত্র দাখিল করার শেষ তারিখঃ ০৪-০৫-২০১৫।
- ৯। কোর্স আরম্ভ হওয়ার তারিখঃ ১৭-০৫-২০১৫।

(এ, বি, এম, আশরাফুল হক)

অধ্যক্ষ